

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্ভব বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড

(শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখ: ২০শে জুলাই ২০০০/ ফাই শ্রাবণ ১৪০৭

এস. আর. ও নং ২২৯-আইন/২০০০/১০৩/শুল্ক - Customs Act, 1969 (IV of 1969) এর section 10 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, নিম্ন তফসিল বর্ণিত এলাকাকে ভোমরা স্থল শুল্ক স্টেশন এর সীমা এবং মালামাল উঠানে নামানোর জন্য অনুমোদিত স্থান (approved proper places) হিসাবে নির্দিষ্ট করিল, যথাঃ-

তফসিল

- (ক) স্থল শুল্ক স্টেশনের নাম : ভোমরা স্থল শুল্ক স্টেশন, ভোমরা, সাতক্ষীরা।
(খ) স্থল শুল্ক স্টেশনের সীমা : ২৬ নং লক্ষ্মীদাড়ি মৌজা, ২৭নং ভোমরা মৌজা, থানা ও জেলা সাতক্ষীরা। লক্ষ্মীদাড়ি মৌজার সাবেক দাগ নং-১১০১, ১১০২, ১১০৩ ও ১১০৫ এবং বর্তমান দাগ নং-২২২৭ এর উপর অবস্থিত ভোমরা স্থল শুল্ক স্টেশন।

সীমার চৌহদি : (১) উক্ত সীমার উত্তর-পশ্চিম প্রান্তে ২৬ নং লক্ষ্মীদাড়ি মৌজার সাবেক ৮৭৩ নং দাগে বিলান জমি।

(২) উক্ত সীমার পশ্চিম-দক্ষিণ প্রান্তে ২৬ নং লক্ষ্মীদাড়ি মৌজার সাবেক ১১৭৬ দাগে বিলান জমি।

(৩) উক্ত সীমার দক্ষিণ-পূর্ব প্রান্তে ২৭ নং ভোমরা মৌজার ২৭৮৩ নং দাগে বিলান জমি।

(৪) উক্ত সীমার পূর্ব-উত্তর প্রান্তে ২৬ নং লক্ষ্মীদাড়ি মৌজার ১৫১৫ নং দাগে বিলান জমি।

- (ক) মালামাল উঠানে নামানোর অনুমোদিত স্থান: ভোমরা স্থল শুল্ক স্টেশনের চৌহদির দক্ষিণ দিকের অর্ধ (১/২) কিলোমিটার, উত্তর দিকের অর্ধ (১/২) কিলোমিটার, পূর্বদিকের পৌনে এক (৩/৮) কিলোমিটার এবং পশ্চিম দিকের এক-চতুর্থাংশে (১/৪) কিলোমিটার।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

মোহাম্মদ আলম
প্রথম সচিব (শুল্ক)।